বেসিক ব্যাংক লিমিটেড

মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়

এবং

ব্যাক অফিস ডিভিশন, ডিসিপ্লিনারী ডিভিশন, হিউম্যান রিসোর্স ডিভিশন, ব্রান্ডিং এন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন, ট্রেজারি এন্ড ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন, কনজ্যুমার ফাইন্যান্স ডিভিশন, ট্রেড ফাইন্যান্স ডিভিশন, ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট ডিভিশন, রিকভারী ডিভিশন, লিগ্যাল ইস্যুজ ডিভিশন, মামলা পর্যবেক্ষণ ইউনিট ও রিটেন-অফ লোন রিকভারী ইউনিট, বেসিক ব্যাংক লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০–জুন ৩০, ২০২১

# বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of BASIC Bank Limited)**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ**

বিগত ৩ বছরে মোট এসএমই ঋণ বিতরণ করা হয়েছে ৬৬৭৩ কোটি টাকা। কৃষিঋণ বিতরণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ মোট কৃষি ঋণ বিতরণ করা হয়েছে ৫৪০ কোটি টাকা। নারী উদ্যোক্তাদের ৭৭ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং গ্রীণ ফাইন্যান্সিং খাতে ২২৯ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া শ্রেণিকৃত ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে। ফলশ্রুতিতে শ্রেণিকৃত ঋণের হার ২০১৪ সালের ৬৭.৯২% হতে হ্রাস পেয়ে ২০১৯ সাল শেষে ৫১.৭৭% এ দাঁড়িয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জ**

২০১০-২০১৪ সালে বেসিক ব্যাংকে সংঘটিত অনিয়মের ফলে শ্রেণিকৃত ঋণ বেড়ে দাঁড়ায় ৬৭.৯২%। শ্রেণিকৃত ঋণ বৃদ্ধি পাওয়ায় মূলধন ঘাটতি এবং প্রভিশন ঘাটতি বৃদ্ধি পেয়েছে, মুনাফা অর্জনও বাধাগ্রস্ত হচ্ছে । শ্রেণিকৃত ঋণের আধিক্য বর্তমানে ব্যাংকের প্রধান সমস্যা এবং এই শ্রেণিকৃত ঋণ হ্রাস করাই প্রধান চ্যালেঞ্জ। এছাড়া বৃহৎ জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবায় অন্তর্ভূক্তকরণ, তথ্য-প্রযুক্তির প্রসার, সর্বোপরি জনশক্তির দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ব্যাংকটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করে ব্যাংকের হারানো গৌরব পুনরূদ্ধার করাই ব্যাংকের প্রধান চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

বিদ্যমান ঋণ আদায় কার্যক্রম জোরদার করে শ্রেণিকৃত ঋণের পরিমাণ কমিয়ে আনা। এসএমই, কৃষি, ক্ষুদ্র শিল্প খাতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং ব্যাংকের উপার্জনশীলতা বৃদ্ধি করা। নারী উদ্যোক্তাদের অধিক পরিমাণে ঋণ বিতরণের মাধ্যমে নারী ক্ষমতায়ন এবং সরকারের এসডিজি বাস্তবায়নে ভূমিকা রাখা। গ্রীণ ফাইন্যান্সিং এবং স্বল্পব্যয়ী আমানতের পরিমাণ বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা। ব্যাংকের নবীন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করে উন্নত ব্যাংকিং সেবা প্রদানে অগ্রগামী হওয়া। সেবার প্রতিটি ক্ষেত্রে অটোমেশনের মাত্রা ও পরিধি বৃদ্ধি করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ব্যাংকিং খাতের অবদান সম্প্রসারণ করা। বৃহৎ জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবা প্রদান করে আর্থিক অন্তর্ভূক্তির পরিধি বৃদ্ধিকরণ। নতুন সেবা চালুকরণ অব্যাহত রাখা এবং বিদ্যমান সেবাসমূহকে যুগপোযোগি করার মাধ্যমে মুজিববর্ষ উপলক্ষে জনহিতকর কার্যক্রমে অগ্রণী ভূমিকা পালনা করা। ব্যাংকের নতুন এটিএম বুথ স্থাপনের মাধ্যমে ক্যাশলেস ট্রানজেকশনে উৎসাহ প্রদান করা।

- **২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ**

  - এসএমই খাতে ১৫০০.০০ কোটি টাকা ঋণ বিতরণ এবং ৮৫০.০০ কোটি টাকা ঋণ আদয়
  - কৃষি খাতে ৭৫.০০ কোটি টাকা ঋণ বিতরণ এবং ১০০.০০ কোটি টাকা ঋণ আদয়
  - করোনা ভাইরাস এ ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠান সমূহে ১২০ কোটি টাকা চলতি মূলধন ঋণ বিতরণ
  - মুজিববর্ষ উপলক্ষে জনহিতকর কার্যক্রমের অংশ হিসেবে ২০০০টি শতবর্ষ সঞ্চয়ী হিসাব খোলা
  - শ্রেণিকৃত হিসাবসমূহ হতে ১২৫.০০ কোটি টাকা নগদ আদায় করা
  - অবলোপনকৃত ঋণসমূহ হতে ১০.০০ কোটি টাকা নগদ আদায়
  - শ্রেণিকৃত ঋণের হার ৪৮% এ নামিয়ে আনা
  - প্রভিশন সংরক্ষণের হার ১০০% এ উন্নীত করা
  - স্বল্পব্যয়ী আমানত মোট আমানতের ২৫% এ উন্নীতকরণ
  - লোকসানী শাখার সংখ্যা কমিয়ে ২৪টি তে আনা
  - ৩০ টি রীট মামলা নিষ্পত্তি করা
  - ৪০ টি অর্থঋণ এবং ২৫টি বিভাগীয় ও অন্যান্য মামলা নিষ্পত্তি করা।

# উপক্রমণিকা (Preamble)

রূপকল্প ২০২১-এর যথাযথ বাস্তবায়ন, সরকারের নির্বাচনী ইস্তেহার বাস্তবায়ন এবং এসডিজির লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য সরকার একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য সরকারের মন্ত্রণালয়/বিভাগসমূহ এদের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাথে ২০১৫-১৬ অর্থ-বছর হতে কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে আসছে। কর্মসম্পাদন চুক্তিতে ব্যাংকের কর্মসম্পাদন সূচকসমূহ এবং প্রত্যেকটি সূচকের বিপরীতে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বেসিক ব্যাংকের কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জন নিয়মিত (মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে) মূল্যায়ন করা হচ্ছে।

২০১৬-১৭ অর্থ-বছর হতে বেসিক ব্যাংকের ব্যবস্থাপনার সাথে শাখাসমূহের এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়ে আসছে। এই ধারাবাহিকতায় ২০২০-২১ অর্থ-বছরের জন্যও বেসিক ব্যাংকের ব্যবস্থাপনার সাথে শাখাসমূহের এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পন্ন হওয়া প্রয়োজন।

প্রতিটি 'কৌশলগত উদ্দেশ্য' বাস্তবায়নের জন্য কর্মসম্পাদন সূচক এবং কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহও একই সাথে উল্লেখ করা হলো।

প্রধান কার্যালয়ের ডিভিশন/ইউনিট/সেল/ট্রেনিং ইন্সটিটিউট কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবে এবং শাখাসমূহকে তাদের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে এবং প্রতি মাস শেষে অর্জন প্রতিবেদন ব্যবস্থাপনার নিকট দাখিল করবে।

মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়

এবং

ব্যাক অফিস ডিভিশন, ডিসিপ্লিনারী ডিভিশন, হিউম্যান রিসোর্স ডিভিশন, ব্রান্ডিং এন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন, ট্রেজারি এন্ড ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন, কনজ্যুমার ফাইন্যান্স ডিভিশন, ট্রেড ফাইন্যান্স ডিভিশন, ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট ডিভিশন, রিকভারী ডিভিশন, লিগ্যাল ইস্যুজ ডিভিশন, মামলা পর্যবেক্ষণ ইউনিট ও রিটেন-অফ লোন রিকভারী ইউনিট, বেসিক ব্যাংক লিমিটেড এর মধ্যে ২০২০ সালের আগস্ট মাসের ৩১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | *প্রকৃত অর্জন ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ব্যাংকের ঋণের মান উন্নয়ন | শ্রেণিকৃত ঋণের হার | % | ৫৯.৬০ | ৫১.১৯ | ৪৮ | ৪৩ | ৪০ | রিকভারী ডিভিশন | ব্যাংকের সিএল (CL) বিবরণী |

*সাময়িক (provisional) তথ্য

## কৌশলগত উদ্দেশ্য,কর্মসম্পাদন সূচক (KPI) এবং লক্ষ্যমাত্রাসমূহঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | *প্রকৃত অর্জন ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপন ২০২১-২২ | প্রক্ষেপন ২০২২-২৩ | ডিভিশন/ইউনিট/সেল এর নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | | |
| | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| এসএমই ঋণ বিতরণ | বিতরণকৃত এসএমই ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | ২১৫৯.৬১ | ১৩৩৩ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১২০০ | ১০০০ | ১৭৫০ | ২০০০ | এসএমই ঋণ অনুমোদনকারী ডিভিশন/ ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট ডিভিশন ও ট্রেড ফাইন্যান্স ডিভিশন |
| শিল্প ও সার্ভিস সেক্টরে বিশেষ চলতি মূলধন ঋণ বিতরণ (নভেল করোনা ভাইরাস (COVID-19) এ ক্ষতিগ্রস্থ শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠান সমূহের জন্য) | বিতরণকৃত চলতি মূলধন ঋণ | সমষ্টি | কোটি টাকা | ৩ | - | - | ১২০ | ১১৫ | ১১০ | ১০০ | ৯০ | ১৪০ | ১৬০ | ঋণ অনুমোদনকারী ডিভিশন/ ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট ডিভিশন ও ট্রেড ফাইন্যান্স ডিভিশন |
| অন্যান্য বিনিয়োগ (কৃষি, এসএমই, শিল্প, গৃহনির্মান ও বিশেষ চলতি মূলধন ঋণ ব্যতীত সকল ঋণ ও ট্রেজারি বন্ডে মোট নিনিয়োগ) | অন্যান্য বিনিয়োগকৃত অর্থ | ক্রমপুঞ্জিভুত | কোটি টাকা | ৩ | ২৩৮৯.৩২ | ২১১৫.৬৪ | ২৪০০ | ২৩৫০ | ২৩০০ | ২২১৬ | ২০০০ | ২৫০০ | ২৬০০ | ট্রেজারি এন্ড ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন |
| শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণ | শ্রেণিকৃত ঋণের স্থিতি | ক্রমপুঞ্জিভুত | কোটি টাকা | ৩ | ৯১১৩.৬৬ | ৭৬৮৩.২৭ | ৭৫০০ | ৭৭০০ | ৮০০০ | ৮২০০ | ৮৫০০ | ৭০০০ | ৬৫০০ | রিকভারী ডিভিশন |
| শ্রেণিকৃত ঋণ হতে নগদ আদায় | আদায়কৃত অর্থ | সমষ্টি | কোটি টাকা | ৪ | ১৮৩.৯৬ | ১২০.৬৩ | ১২৫ | ১২৪ | ১২২ | ১২০ | ১০০ | ১৫০ | ১৭৫ | |
| অবলোপনকৃত ঋণের পরিমান হ্রাসকরণ | অবলোপনকৃত ঋণের স্থিতি | ক্রমপুঞ্জিভুত | কোটি টাকা | ৩ | ৪৫০.৮৭ | ৪৪৬.৯০ | ৪৩৭ | ৪৪২ | ৪৪৩ | ৪৪৫ | ৪৪৬ | ৪২৫ | ৪১০ | রিকভারী ডিভিশন ও রিটেন-অফ লোন রিকভারী ইউনিট |
| অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায় | আদায়কৃত অর্থ | সমষ্টি | কোটি টাকা | ৪ | ১.৬২ | ৪.৫৩ | ১০ | ৫ | ৪.৭০ | ৪.৫০ | ২ | ১২ | ১৫ | |
| স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি | স্বল্পব্যয়ী আমানতের হার | ক্রমপুঞ্জিভুত | % | ৩ | ২১.৪১ | ২০.৭২ | ২৫ | ২৩ | ২২ | ২১ | ১৭ | ৩০ | ৩৫ | ব্রান্ডিং এন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | *প্রকৃত অর্জন ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপন ২০২১-২২ | প্রক্ষেপন ২০২২-২৩ | ডিভিশন/ইউনিট/সেল এর নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | | |
| | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| আন্তশাখা লেনদেন সমন্বয়করণ | সমন্বয়কৃত এন্ট্রি | ক্রমপুঞ্জিভুত | % | ৩ | ৯৯.৯৭ | ৯৯.৯৪ | ৯৯.৫০ | ৯৯.৪০ | ৯৯.৩০ | ৯৯.২০ | ৯৯.১০ | ৯৯.৬০ | ৯৯.৭০ | ব্যাক অফিস ডিভিশন |
| স্কুল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ | স্কুল ব্যাংকিং এর নতুন হিসাব সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১ | ১৩৫৬ | ৬০২২ | ৪০০০ | ৩৫০০ | ৩০০০ | ২৫০০ | ২০০০ | ৪৫০০ | ৫০০০ | ব্রান্ডিং এন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন |
| মুজিববর্ষের কার্যক্রম | শতবর্ষ সঞ্চয়ী হিসাব খোলা | সমষ্টি | সংখ্যা | ১ | - | - | ২০০০ | ১৭০০ | ১৫০০ | ১০০০ | ৭০০ | ৩০০০ | ৪০০০ | |
| ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ | RTGS এ লেনদেনের সংখ্যা | সমষ্টি | সংখ্যা (হাজার) | ১ | ১০.৮০ | ১৫.৯০ | ১৭ | ১৬.৭০ | ১৬.৫০ | ১৬ | ১৩ | ১৮ | ১৯ | ব্যাক অফিস ডিভিশন |
| | RTGS এ লেনদেনকৃত অর্থের পরিমাণ | সমষ্টি | হাজার কোটি টাকা | ১ | ১১.৩০ | ৯.৮৮ | ১১ | ১০.৭০ | ১০.৫০ | ১০ | ৯ | ১২ | ১৩ | |
| রিট মামলা নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত রিট মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৫৯ | ২২ | ৩০ | ২৮ | ২৫ | ২২ | ১৮ | ৪০ | ৪৫ | লিগ্যাল ইস্যুজ ডিভিশন |
| অর্থঋণ মামলা নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত অর্থঋণ মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৫২ | ৪৬ | ৪০ | ৩৭ | ৩৫ | ৩০ | ২৫ | ৫৫ | ৬৫ | লিগ্যাল ইস্যুজ ডিভিশন ও মামলা পর্যবেক্ষণ ইউনিট |
| বিভাগীয় ও অন্যান্য মামলা নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত বিভাগীয় ও অন্যান্য মামলার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ২৩ | ২৮ | ২৫ | ২৩ | ২০ | ১৭ | ১৪ | ২৫ | ৩০ | ডিসিপ্লিনারী ডিভিশন ও লিগ্যাল ইস্যুজ ডিভিশন |
| কর্মচারী গৃহনির্মাণ ঋণ বিতরণ | বিতরণকৃত ঋণের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ২ | ৪৫ | ১৫.০১ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৫ | ৩০ | হিউম্যান রিসোর্স ডিভিশন |
| বানিজ্যিক গৃহনির্মাণ ঋণ বিতরণ | বিতরণকৃত ঋণের পরিমাণ | সমষ্টি | কোটি টাকা | ২ | ৬০ | ৩০.৮০ | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | ১৫ | ২০ | কনজ্যুমার ফাইন্যান্স ডিভিশন |

*সাময়িক (provisional) তথ্য

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | | ডিভিশন/ইউনিট/সেল এর নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - | হিউম্যান রিসোর্স ডিভিশন |
| | ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - | |
| এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | ন্যূনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - | |

আমরা, ডিভিশন/ইউনিট প্রধান, ব্যাক অফিস ডিভিশন, ডিসিপ্লিনারী ডিভিশন, হিউম্যান রিসোর্স ডিভিশন, ব্রান্ডিং এন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন, ট্রেজারি এন্ড ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন, কনজ্যুমার ফাইন্যান্স ডিভিশন, ট্রেড ফাইন্যান্স ডিভিশন, ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট ডিভিশন, রিকভারী ডিভিশন, লিগ্যাল ইস্যুজ ডিভিশন, মামলা পর্যবেক্ষণ ইউনিট ও রিটেন-অফ লোন রিকভারী ইউনিট, বেসিক ব্যাংক লিমিটেড, ব্যাংকের মহাব্যবস্থাপক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড এর প্রতিনিধি হিসাবে ডিভিশন/ইউনিট প্রধান, ব্যাক অফিস ডিভিশন, ডিসিপ্লিনারী ডিভিশন, হিউম্যান রিসোর্স ডিভিশন, ব্রান্ডিং এন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন, ট্রেজারি এন্ড ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন, কনজ্যুমার ফাইন্যান্স ডিভিশন, ট্রেড ফাইন্যান্স ডিভিশন, ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট ডিভিশন, রিকভারী ডিভিশন, লিগ্যাল ইস্যুজ ডিভিশন, মামলা পর্যবেক্ষণ ইউনিট ও রিটেন-অফ লোন রিকভারী ইউনিট এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

**স্বাক্ষরিত:**

ব্যবস্থাপনার পক্ষে

**আহম্মদ হোসেন**
মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়

ডিভিশন/ইউনিট এর পক্ষে

**মোহাঃ কবির উদ্দিন**
উপ-মহাব্যবস্থাপক
ব্যাক অফিস ডিভিশন

**মোহাম্মদ আলী**
উপ-মহাব্যবস্থাপক
ডিসিপ্লিনারী ডিভিশন

**নুরুর রহমান চৌধুরী**
উপ-মহাব্যবস্থাপক
হিউম্যান রিসোর্স ডিভিশন

**নিয়াজ মোসাব্বির শাহ**
উপ-মহাব্যবস্থাপক
ব্রান্ডিং এন্ড করপোরেট কমুনিকেশন ডিভিশন

**মোঃ মাহমুদ হাসান**
উপ-মহাব্যবস্থাপক
ট্রেজারী এন্ড ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন

**মোঃ আবদুস সাত্তার খান**
উপ-মহাব্যবস্থাপক
কনজ্যুমার ফাইন্যান্স ডিভিশন

**মোহাম্মদ ইমরুল ইসলাম**
উপ-মহাব্যবস্থাপক
ট্রেড ফাইন্যান্স ডিভিশন

**সুমিত রঞ্জন নাথ**
উপ-মহাব্যবস্থাপক
ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট ডিভিশন

**পলাশ দাশ গুপ্ত**
উপ-মহাব্যবস্থাপক
রিকভারী ডিভিশন

**এ, বি, এম জাহিদ হোসেন**
উপ-মহাব্যবস্থাপক
লিগ্যাল ইস্যুজ ডিভিশন

**মোঃ বিল্লাল হোসেন**
সহকারী মহাব্যবস্থাপক
মামলা পর্যবেক্ষণ ইউনিট

**ইমরুল ইসলাম**
সহকারী মহাব্যবস্থাপক
রিটেন-অফ লোন রিকভারী ইউনিট

তারিখঃ ৩১.০৮.২০২০